



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়



(অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬)
ফোন: ৫৫০৭৯৪২৮, ফ্যাক্স: ৫৫০৭৯৪৪৩

ই-মেইল: bctibd2013@gmail.com, ওয়েবসাইট: www.bcti.gov.bd

নং- বাচটেই/প্রশা/গবেষণা/২০১৬/ ২৭৪২

তারিখ: ০৯ জানুয়ারি ২০১৭

গবেষণা প্রস্তাব আহ্বান


বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট কর্তৃক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষণা ফেলো নির্বাচনের নিমিত্ত আগ্রহী ব্যক্তিদের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। ২০১৬-১৭ অর্থবছরের জন্য গবেষণার বিষয়- 'বাংলাদেশের সিনেমা হল: সংকট ও সম্ভাবনার স্বরূপ অনুসন্ধান'।

আগ্রহী ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতা, গবেষণা কাজের অভিজ্ঞতা, ঠিকানা, ই-মেইল ও টেলিফোন নম্বর উল্লেখপূর্বক ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত এবং অনধিক ১০০০ (এক হাজার) শব্দের গবেষণা ধারণাপত্রসহ (১০ কপি) আবেদনপত্র আগামী ২৪ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর প্রধান নির্বাহী বরাবর সিলগালাযুক্ত খামে ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে। খামের উপর অবশ্যই গবেষণার বিষয়বস্তু উল্লেখ করতে হবে। গবেষণা প্রস্তাবের ছক বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর ওয়েবসাইট (www.bcti.gov.bd) এ পাওয়া যাবে।

আগামী ২৬ জানুয়ারি ২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় গবেষক বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ সময় আগ্রহী গবেষকদের প্রত্যেকে ৫ মিনিটের একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে। এ জন্য উল্লিখিত তারিখ এবং সময় অনুসারে গবেষকদের বিসিটিআই কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

প্রস্তাবসমূহ Public Procurement Regulations (PPR)-2008 অনুসারে মূল্যায়ন করে নির্বাচিত গবেষককে গবেষণার সুযোগ দেয়া হবে।

কর্তৃপক্ষ যে কোন প্রস্তাব গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


০৯/০১/১৭
ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন
প্রধান নির্বাহী
ফোন: ৫৫০৭৯৪২৮